**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 22-02-2026** **Desk in Charge : SDG**
**Time : 7.35 AM** **Compiling : Sudip Basu**
**DEO: KB** **NRT : Sudip B.**
**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ–

বিশেষ বিশেষ খবর –

১/ সুপ্রিম কোর্টের নির্দেশের প্রেক্ষিতে SIR প্রক্রিয়ার দায়িত্বপ্রাপ্ত বিচারকদের পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত করতে বৈঠক করেছে কলকাতা হাইকোর্ট। #আগামী ৯ ই মার্চ পর্যন্ত সমস্ত জুডিশিয়াল অফিসারের ছুটি বাতিলের নির্দেশ হাইকোর্টের।

২/ আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে প্রথম দফায় রাজ্যে ৪৮০ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের সিদ্ধান্ত কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের। #আগামীকাল এই সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করতে উচ্চপর্যায়ের বৈঠকে বসছে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর।

৩/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আজ আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন।

৪/ কলকাতার আনন্দপুরের অগ্নিকান্ড, কোনো দুর্ঘটনা নয়, বরং ‘সরকারি মদতে বিপর্যয়’ বলে বিজেপি অভিযোগ করেছে। # অগ্নিকান্ডে শনাক্ত হওয়া ১৮ জনের দেহাংশ তাঁদের আত্মীয়দের হাতে তুলে দেওয়ার কাজ শুরু হয়েছে।

৫/ রাজ্যে আগামীকাল থেকে মেঘলা আকাশ এবং বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা।

****************************************************************************

সুপ্রিম কোর্টের নির্দেশের পর SIR প্রক্রিয়ায় দায়িত্বপ্রাপ্ত বিচারকদের তালিকা প্রস্তুত করতে বৈঠক করেছে কলকাতা হাইকোর্ট। NDPS ও পকসো-সহ বিভিন্ন বিশেষ আদালতের দায়িত্বে থাকা বিচারকদের মধ্য থেকেই এই দায়িত্ব বণ্টন করা হচ্ছে বলে সূত্রের খবর। জেলা ও মহকুমাভিত্তিকভাবে এই বিচারকেরা SIR সংক্রান্ত শুনানি ও সংশ্লিষ্ট প্রক্রিয়ার দায়িত্ব সামলাবেন। আগামীকাল থেকেই কাজ শুরুর নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। তার আগে প্রত্যেক জেলাতেই বিচারকদের নিজেদের দায়িত্ব বুঝে নিতে বৈঠক করার কথা বলা হয়েছে। কমিশন সূত্রের খবর, উত্তর কলকাতায় জেসপ ভবনে বিচারক ও নির্বাচন কমিশনের প্রতিনিধিদের নিয়ে জরুরি বৈঠকও ডাকা হয়েছে। আজ ভার্চুয়ালি এই বৈঠক হবার কথা।

উল্লেখ্য, সুপ্রিম কোর্টের নির্দেশের প্রেক্ষিতে গতকাল বিকেলে কলকাতা হাইকোর্টে প্রধান বিচারপতি সুজয় পালের নেতৃত্বে বৈঠক হয়। সেই বৈঠকে উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তী, মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়াল, ডিজিপি, অতিরিক্ত সলিসিটর জেনারেল এবং অ্যাডভোকেট জেনারেল। সূত্রের খবর, সেই বৈঠকে কমিশনের তরফে প্রস্তাব দেওয়া হয়, প্রতি বিধানসভার জন্য এক জন করে বিচারবিভাগীয় (জুডিশিয়াল) অফিসার নিয়োগের জন্য। বৈঠকের পর মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানান, জেলা ও বিধানসভা ভিত্তিক সমস্ত তথ্য, কমিশন সরবরাহ করবে।

( বাইট- মনোজ কুমার )

এদিকে SIR-এর কাজে সহযোগিতা করার জন্য আগামী ৯ মার্চ পর্যন্ত রাজ্যের সমস্ত জুডিশিয়াল অফিসারের ছুটি বাতিল করার নির্দেশ জারী করেছেন কলকাতা হাইকোর্টের রেজিস্ট্রার জেনারেল। বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, অত্যন্ত জরুরি চিকিৎসা সংক্রান্ত প্রয়োজন ছাড়া কেউ আপাতত ছুটি নিতে পারবেন না।

**************************

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন ও সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করতে আগামীকাল মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে এক উচ্চ পর্যায়ের বৈঠক ডাকা হয়েছে। বৈঠকে উপস্থিত থাকবেন বিশেষ পর্যবেক্ষক এন কে

মিশ্র, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল সহ দপ্তরের উচ্চ পদস্থ আধিকারিকরা। রাজ্য পুলিশের ডিজি, কলকাতা পুলিশ কমিশনার, রাজ্য পুলিশ নোডাল অফিসার, কেন্দ্রীয় বাহিনী নোডাল অফিসারও বৈঠকে যোগ দেবেন বলে খবর। কেন্দ্রীয় বাহিনীর আগমন, রুট মার্চ, সংবেদনশীল বুথ চিহ্নিতকরণ এবং বাহিনীর লজিস্টিক ব্যবস্থা—এসব বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হওয়ার কথা।

উল্লেখ্য, বিধানসভা ভোট ঘোষণার আগেই কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করছে নির্বাচন কমিশন। দু'দফায় ওই বাহিনী মোতায়েন করা হবে। আগামী ১লা মার্চ এর মধ্যে প্রথমে ২৪০ কোম্পানি বাহিনী রাজ্যে আসবে। দ্বিতীয় দফায় ১০ মার্চের মধ্যে পৌঁছবে আরও ২৪০ কোম্পানি।

**************************

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার রাজ্যে কেন্দ্রীয় বাহিনী পাঠানোর সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন। কলকাতায় গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, নির্বাচন কমিশনের এটি অত্যন্ত সময়োপযোগী পদক্ষেপ।

( বাইট- সুকান্ত )

**************************

বিজেপির সর্বভারতীয় মুখপাত্র সম্বিত পাত্র, SIR প্রক্রিয়ায় বিচারবিভাগীয় হস্তক্ষেপকে স্বাগত জানিয়েছেন। গতকাল কলকাতায় একটি অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি বলেন, রাজ্যের তৃণমূল সরকার, SIR-এর কাজে যে প্রতিবন্ধকতার সৃষ্টি করছিল, শীর্ষ আদালতের নির্দেশে তা’ কাটতে চলেছে।

রাজ্য সরকারের অসহযোগিতার কারনেই আদালতকে রাজ্যের SIR পরিচালনায় পদক্ষেপ কোর্টে হয়েছে বলে CPIM নেতা সুজন চক্রবর্তী মন্তব্য করেছেন।

( বাইট- সুজন ৭-৫০ )

**************************

রাজ্যে সুষ্ঠু ভাবে নির্বাচনের জন্য CPIM, স্বচ্ছ ভোটার তালিকা তৈরির ওপর জোর দিয়েছে। SIR এ প্রশাসনিক ও প্রযুক্তিগত কিছু অনিয়ম এবং যোগ্য ভোটারের নাম বাদ যাওয়ার অভিযোগ তুলে সিপিআইএম-এর এক প্রতিনিধি দল গতকাল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে দেখা করে। দলের তরফে বেশ কিছু দাবি সম্বলিত একটি চিঠিও তাঁর হাতে তুলে দেওয়া হয়েছে বলে খবর।

***************************

মালদায় কমিউনিটি হেলথ অফিসার পদে দুর্নীতির অভিযোগ তুলে সরব হয়েছেন চাকরী প্রার্থীরা। গতকাল মালদা কলেজ অডিটোরিয়ামে প্রায় ১৭০ জনকে কমিউনিটি হেলথ অফিসার পদে নিয়োগপত্র তুলে দেওয়া হয়েছে। চাকরীপ্রার্থীদের অভিযোগ, অনেকেই ওবিসি ক্যাটেগরিতে পরীক্ষা দিলেও ইন্টারভিউয়ের সময়ে তাদের জেনারেল ক্যাটেগরিতে ডাকা হয়। পরবর্তী সময়ে যে চূড়ান্ত তালিকা বেরিয়েছে, তাতেও ঐ প্রার্থীদেরকে জেনারেল হিসাবেই দেখানো হয়েছে। এই অভিযোগে তারা বিক্ষোভ দেখান। যদিও মালদার জেলাশাসক প্রীতি গোয়েল জানিয়েছেন, সবকিছু নিয়ম মাফিকই হয়েছে।

এদিকে, কেন্দ্রীয় সরকারের উদ্যোগকে রাজ্য সরকার নিজেদের প্রকল্প বলে চালানোর চেষ্টা করছে, এই অভিযোগ করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। এক্স হ্যান্ডেলে এক পোস্টে তিনি বলেন, কেন্দ্রীয় সরকারের ন্যাশানাল হেলথ মিশন - NHM এবং ন্যাশানাল আয়ুষ মিশন NAM-এর আওতায় নির্বাচিত প্রার্থীদের নিয়োগের কৃতিত্ব রাজ্য সরকার নিচ্ছে।

***************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আজ আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩১ তম পর্ব। আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

**************************

কলকাতার আনন্দপুরের অগ্নিকান্ড কোনো দুর্ঘটনা নয়, বরং সরকারি মদতে বিপর্যয় বলে বিজেপি অভিযোগ করেছে। দলের তরফে গতকাল সোশ্যাল মিডিয়ার এক পোস্টে বলা হয়েছে, ২০২৩ এবং ২০২৫ সালে জাতীয় পরিবেশ আদালত পূর্ব কলকাতার জলাভূমিতে অবৈধ নির্মাণের দিকটি তুলে ধরে বেআইনী কাঠামো ভেঙে ফেলার নির্দেশ দিলেও রাজ্য সরকার তা' মেনে চলে নি। দিনের পর দিন 'রামসার সাইট' দখল করে বেআইনীভাবে নির্মাণ কাজ চলেছে। যে এলাকায় অগ্নিকান্ডে মৃত্যু হয়েছে, সেখানেও এধরনের বেআইনী নির্মাণ কোনো বাধা ছাড়াই বেড়ে চলেছে।

**************************

দক্ষিণ ২৪ পরগণার নাজিরাবাদে গুদামে অগ্নিকাণ্ডের ২৬ দিনের মাথায় নিহতদের মধ্যে শনাক্ত হওয়া ১৮ জনের দেহাংশ, কাটাপুকুর মর্গ থেকে নিহতদের পরিবারে হাতে তুলে দেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে। পুলিশ সূত্রে জানা গেছে, যে সব দেহাংশ চিহ্নিত করা সম্ভব হয়েছে তাদের মধ্যে পূর্ব মেদিনীপুরের ১৬ জন , দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরের একজন, পশ্চিম মেদিনীপুরের একজন আছেন।

উল্লেখ্য, গত ২৬ শে জানুয়ারি সাধারণতন্ত্র দিবসের রাতে বিধ্বংসী অগ্নিকাণ্ডে পুড়ে ছাই হয়ে যায় নরেন্দ্রপুরের নাজিরাবাদ এলাকার দুটি গুদাম। এর মধ্যে একটি বহুজাতিক মোমো তৈরীর কারখানা, আরেকটি ডেকোরেটাসের গুদাম। আগুন লাগার সময় গুদামে কাজ করছিলেন বহু শ্রমিক। তাদের মধ্যে অধিকাংশ পূর্ব মেদিনীপুরের বাসিন্দা। সেই ঘটনায় ২৭ জনের পরিবারের তরফে নিখোঁজ ডায়েরি করা হয় নরেন্দ্রপুর থানায়। প্রায় ছাই হয়ে যাওয়া দেহগুলি শনাক্তকরণের জন্য DAN ম্যাপিং-এর প্রয়োজন পড়ায় নিহতদের নিকট আত্মীয়দের রক্তের নমুনা সংগ্রহ করা হয়।

**************************

বায়ু প্রবাহের গতিপথ পরিবর্তন এবং পশ্চিমী ঝঞ্ঝার কারণে আগামীকাল থেকে সারা রাজ্যেই মেঘলা আকাশ এবং বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা। আবহাওয়া বিজ্ঞানী অণ্বেষা ভট্টাচার্য আকাশবাণীকে একথা জানান।

এদিকে, আজ সর্বনিম্ন তাপমাত্রা আরো কিছুটা বেড়েছে। আলিপুরে সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২০ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের চেয়ে প্রায় এক ডিগ্রি বেশি। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১ দশমিক তিন ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে কিছুটা বেশি। আগামী তিন চার দিন  তাপমাত্রার বিশেষ হেরফের হবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

**********************************************************************